

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১০. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সৌন্দর্য প্রসঙ্গে

بَاب فِي حُسْنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، أَخْبَرَنَا ثَابِتٌ، عَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَزْهَرَ اللَّوْنِ كَأَنَّ عِرْقَهُ اللَّوْلُؤُ، إِذَا مَشَى تَكَفَّأً، وَمَا مَسِسْتُ حَرِيرَةً وَلَا دِيْبَاجَةً أَلْيَنَ مِنْ كَفِّهِ، وَلَا شَمِمْتُ رَائِحَةً قَطُّ أَطْيَبُ مِنْ رَائِحَتِهِ: مِسْكَةً وَلَا غَيْرَهَا

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

৬২. আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গায়ের রং ছিল উজ্জ্বল শুভ্র। তাঁর ঘাম যেন মুক্তো-দানা। আর তিনি রাস্তার দিকে ঝুঁকে মধ্যমগতিতে [১] চলতেন। আর আমি রেশম বা রেশমী কাপড়কেও তাঁর হাতের তালুর মত মোলায়েম পাইনি। আমি তাঁর দেহে একটি সুগন্ধ পেয়েছি, যা মিশক বা অন্য কোন সুগন্ধির মধ্যে পাইনি।”[২]

ফুটনোট

[১] মুহাক্কিকের টীকা অনুযায়ী।

[২] তাহক্বীক: সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, ৩৫৬১; মুসলিম, সহীহ ২৩৩০; আহমদ ৩/১০৭, ২০০, ২২২, ২২৭, ২৬৫, ২৬৭।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45827>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন